



ঢাকা সফরে ইসহাক দার: বাংলাদেশ-পাকিস্তানের মধ্যে চুক্তি ও চার সমঝোতা স্মারক সই



সংগৃহীত ছবি

ঢাকায় অনুষ্ঠিত দ্বিপাক্ষীয় বৈঠকে বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে একটি চুক্তি এবং চারটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হয়েছে। রোববার (২৪ আগস্ট) পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেনের সঙ্গে পাকিস্তানের উপপ্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দারের বৈঠক শেষে এই স্বাক্ষর কার্যক্রম সম্পন্ন হয়। বৈঠকে জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ড. খলিলুর রহমানসহ দুই দেশের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। আলোচনার পর ইসহাক দার বলেন, বৈঠকটি ছিল ইতিবাচক ও ফলপ্রসূ।

স্বাক্ষরিত চুক্তির মধ্যে রয়েছে দুই দেশের সরকারি ও কূটনৈতিক পাসপোর্টধারীদের জন্য ভিসা বিলোপ চুক্তি। আর সমঝোতা স্মারকগুলোর মধ্যে রয়েছে দুই দেশের বাণিজ্যবিষয়ক জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ গঠন, সংস্কৃতি বিনিময়, দুই দেশের ফরেন সার্ভিস একাডেমির মধ্যে সহযোগিতা, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) ও পাকিস্তানের সংবাদ সংস্থা এপিপিসি'র মধ্যে সহযোগিতা এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) ও পাকিস্তানের ইনস্টিটিউট অব স্ট্র্যাটেজিক স্টাডিজ (আইএসএসআই)-এর মধ্যে গবেষণা ও জ্ঞান বিনিময়।

এর আগে শনিবার (২৩ আগস্ট) তিন দিনের সরকারি সফরে ঢাকায় পৌঁছান পাকিস্তানের উপপ্রধানমন্ত্রী ইসহাক দার। সফরের প্রথম দিনেই তিনি ঢাকার পাকিস্তান হাইকমিশনে বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের সঙ্গে বৈঠক করেন। সেই বৈঠকে দ্বিপাক্ষীয় বাণিজ্য ও পারস্পরিক সম্পর্কের পাশাপাশি একান্তরের প্রসঙ্গও আলোচনায় উঠে আসে।

সফরের দ্বিতীয় দিনে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া এবং বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের সঙ্গে বৈঠকের কথা রয়েছে ইসহাক দারের। কূটনৈতিক সূত্রে জানা গেছে, এ সফরে শুধু দ্বিপাক্ষীয় সম্পর্ক নয়, আঞ্চলিক সহযোগিতা ও সমসাময়িক আন্তর্জাতিক ইস্যু নিয়েও আলোচনা হবে।